গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ও দায়রা জজ এর কার্যালয়
জয়পুরহাট।

স্মারক নং- জেজ/জয়/প্রশা/০৬/২০২১-৯৮২/জি,  তারিখঃ ২৫ শ্রাবণ, ১৪২৮ বঙ্গাব্দ
০৯ আগষ্ট, ২০২১ খ্রিষ্টাব্দ।

2 3 AUG 2021

19 AUG 2021

প্রেরক ঃ মোঃ নূর ইসলাম
জেলা ও দায়রা জজ, জয়পুরহাট।

প্রাপক ঃ মাননীয় রেজিস্ট্রার জেনারেল
বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।

বিষয় ঃ **জয়পুরহাট জজশীপের আপীল সহকারী জনাব মোঃ রবিউল ইসলাম-এর মা মিসেস শাহানা বেগম এর দুরারোগ্য কিডনী সংক্রান্ত জটিলতার (UTI e DM e AKI on CKD) চিকিৎসা ব্যয় নির্বাহের নিমিত্তে আর্থিক সাহায্যের আবেদনপত্র প্রেরণ প্রসঙ্গে।**

মহোদয়,

যথাযথ সম্মান জ্ঞাপন পূর্বক উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানাইতেছি যে, জয়পুরহাট জজশীপের আপীল সহকারী জনাব মোঃ রবিউল ইসলাম-এর মা মিসেস শাহানা বেগম এর দুরারোগ্য কিডনী সংক্রান্ত জটিলতার (UTI e DM e AKI on CKD) চিকিৎসা ব্যয় নির্বাহের নিমিত্ত আর্থিক সাহায্যের আবেদনপত্র মহোদয়ের বরাবরে সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল।

৩০৩

আপনার একান্ত অনুগত,

(মোঃ নূর ইসলাম) ০৯/৮/২০২১
জেলা ও দায়রা জজ
জয়পুরহাট।

সংযুক্তি ঃ
১। আবেদনপত্র- ০২ (দুই) সেট।
২। চিকিৎসা সংক্রান্ত কাগজাদি - ০২ (দুই) সেট।

তারিখ : ০৩ শ্রাবণ, ১৪২৮ বঙ্গাব্দ
১৮ জুলাই, ২০২১ খ্রিস্টাব্দ

বরাবর,

**মাননীয় রেজিস্ট্রার জেনারেল**

বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।

মাধ্যম : **মাননীয় জেলা ও দায়রা জজ**, জয়পুরহাট।

**বিষয়** : আমার মা মিসেস্ শাহানা বেগম এর দুরারোগ্য কিডনী সংক্রান্ত জটিলতার (UTI e DM e AKI on CKD) চিকিৎসা ব্যয় নির্বাহের নিমিত্ত আর্থিক সাহায্যের আবেদন।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে যথাযথ সম্মান জ্ঞাপন পূর্বক বিনীত নিবেদন এই যে, আমি নিম্নস্বাক্ষরকারী বর্তমানে মহোদয়ের দপ্তরে 'আপীল সহকারী' পদে কর্মরত আছি। আমার মা মিসেস্ শাহানা বেগম কিডনী সংক্রান্ত জটিলতা নিয়ে গত ০৫/০৪/২০২১ খ্রি. তারিখে রংপুর মেডিকেল কলেজ হাসপাতাল, রংপুর এ ভর্তি হন। পরে বিভিন্ন পরীক্ষা-নিরীক্ষার মাধ্যমে জানা যায় যে, তাঁর দু'টি কিডনীই নষ্ট হয়ে গিয়েছে। অতঃপর গত ০৯/০৪/২০২১ খ্রি. তারিখে তিনি উক্ত হাসপাতাল হতে ছাড়পত্র পান এবং তাঁকে ডায়ালাইসিসের পরামর্শ দেওয়া হয়। আমরা তাঁকে মোট ০২ (দুই) টি ডায়ালাইসিস করিয়েছি। উক্ত হাসাপাতালে ভর্তি, বিভিন্ন পরীক্ষা-নিরীক্ষা ও ডায়ালাইসিস বাবদ আমাদের মোট প্রায় ১,০০.০০০ (এক লক্ষ) অধিক টাকা খরচ হয়ে যায়।

আমার মা পূর্ব হতে ডায়াবেটিস রোগেও আক্রান্ত হওয়ায় তিনি ডায়ালাইসিস এর পার্শ্বপ্রতিক্রিয়া সহ্য করতে পারছিলেন না। এমতাবস্থায় ডাক্তার সাহেবের পরামর্শে তাঁকে প্রতি সপ্তাহে একটি ইনজেকশন [মূল্য ২,৫০০ (দুই হাজার পাঁচশত) টাকা] দেওয়া হচ্ছে। অধিকন্তু তাঁকে প্রতি সপ্তাহে ডায়াবেটিসের ইনসুলিন ও কিডনী সংক্রান্ত আরও প্রায় ২০০০ (দুই হাজার) টাকার মুখের ওষুধ গ্রহণ করতে হয়। অর্থাৎ

গত ১০/০৪/২০২১ খ্রি. তারিখ হতে প্রতি সপ্তাহে মোট প্রায় ৪,৫০০ (চার হাজার পাঁচশত) টাকা ওষুধ বাবদ খরচ হচ্ছে যা বর্তমানে চলমান আছে।

আমার পিতা হতদরিদ্র কৃষক এবং আমি সর্বসাকুল্যে প্রতি মাসে ১৬.৬০০ (ষোল হাজার ছয়শত) টাকা বেতন পাই। উল্লেখ্য, আমি আমার মাতাপিতার একমাত্র পুত্রসন্তান। এছাড়া জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে স্নাতক (সম্মান) অধ্যয়নরত আমার একটি সহোদরা ছোট বোন আছে যার পড়ালেখার ব্যয়ভারও আমাকে নির্বাহ করতে হয়।

এমতাবস্থায় আমার মায়ের চিকিৎসার ব্যয় নির্বাহ করতে আমার ও আমার পিতার আর্থিক সংকট চরম আকার ধারণ করেছে এবং আমাদের পক্ষে আর চিকিৎসার ব্যয় নির্বাহ করা সম্ভব হচ্ছে না।

অতএব, মহাত্মন সমীপে আকুল প্রার্থনা, আমার অসুস্থ মায়ের চিকিৎসা ব্যয় নির্বাহের নিমিত্ত **বাংলাদেশ বিচার বিভাগের সর্বস্তরের কর্মকর্তা ও কর্মচারীগণের** নিকট হতে আর্থিক সাহায্য পেতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে হুজুরের সদয় মর্জি হয়।

আপনার একান্ত অনুগত

রবিউল ১৮/০৭/২০২১ খ্রি:

**(মোঃ রবিউল ইসলাম)**

আপীল সহকারী

জেলা ও দায়রা জজ আদালত, জয়পুরহাট।

<u>**সংযুক্তি:**</u> ১) আমার মায়ের চিকিৎসা সংক্রান্ত কাগজাদির অনুলিপি, ১১ (এগার) ফর্দ।

<u>**সাহায্য পাঠানোর ঠিকানা**</u>

মোঃ জোয়াদ মিয়া

সঞ্চয়ী হিসাব নং-৫০১৬১০১০২৭৫১৯

সোনালী ব্যাংক লিমিটেড

মিঠাপুকুর উপজেলা শাখা, রংপুর

বিকাশ নং-০১৭৩৯ ২৬৩ ৯৪১ (পারসোনাল)